



**ইসলামিক ফাউন্ডেশন**  
 (প্রতিষ্ঠাতাঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)  
 উপজেলাঃ পুরা, রাজশাহী।



**পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি**

সুত্রঃ ১৬.০১.৮১৭২.০২১.০১.০৯৭.২১

তারিখঃ ০৬/০৬/২০২১ ইং

মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী রাজশাহী জেলার পুরা উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে পেশ ইমাম নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমঃ	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী সর্ব সার্কুলে	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১(এক) জন	১৫,০০০/= (পনের হাজার) টাকা	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিপু/দাওরায়ে হাদীস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতী বা মুহান্দিস হিসেবে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্রিয়াত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ -ই কোরআন অধাধিকার পাবেন। (গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষনাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**শর্তাবলী :**

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদন পত্রে প্রার্থীকে পূর্ণ জীবন বৃত্তান্ত যথাঃ (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
- ০৩। আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। (ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র। (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিনি) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি। (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূলকপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি। (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি। (চ) আবেদন পত্র আগামী ২০/০৬/২০২১ ইং তারিখে অফিস চলাকালীন সময়ে ইসলামিক ফাউন্ডেশন, পুরা মডেল রিসোর্স সেন্টার কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টরূপে লিখতে হবে। পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৪। প্রার্থীর বয়স ২০/০৬/২০২১ ইং তারিখে ২৫ হতে ৫০ বছরের মধ্যে হতে হবে। আগামী ২২/০৬/২০২১ ইং তারিখে পুরা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সকাল ১০.০০ টায় সরাসরি মৌখিক পরীক্ষা নেওয়া হবে।
- ০৫। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টি, এ/ডি, এ প্রদান করা হবে না।
- ০৬। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে ভবিষ্যতে গোপনীয় বিষয় প্রমাণিত হলে নিয়োগপত্র বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। যে কোন ধরনের সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ০৮। কোন কারন দর্শনো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/ তারিখ পরিবর্তন করার ক্ষমতা নিয়োগ কর্মিটি সংরক্ষন করেন।

০৬/০৬/২০২১  
 মোঃ শিমুল আকতার  
 উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা